

বিজ্ঞাপন সহ ওয়েবসাইট সংস্করণের  
যে কোন বিষয়ে যোগাযোগ করুন  
নজরুল ইসলাম স্বপন  
সহকারী সম্পাদক  
মোবাইল : ০১৭১৫১১৩৩৫৪, ০১৭১০৮০২৮৯৯

দৈনিক  
চাঁদপুর কণ্ঠ  
THE DAILY CHANDPUR KANTHA  
প্রতিষ্ঠাতা ও সম্পাদক : রোটারিয়ান আলহাজ্ব অ্যাডঃ ইকবাল-বিন-বাশার, পিএইচএফ  
প্রধান সম্পাদক : রোটারিয়ান কাজী শাহাদাত, পিএইচএফ

« পূর্ববর্তী সংবাদ

পরবর্তী সংবাদ »

বাংলা ফন্ট ডাউনলোড করুন

"চাঁদপুরে সিপিডি'র 'বর্তমান পরিস্থিতিতে নাগরিক সমাজের ভূমিকা ও করণীয়' শীর্ষক নাগরিক সংলাপ

### সুশীল সমাজ কখনো সরকার বা রাজনীতির বিকল্প নয়

ড. দেবপ্রিয় ভট্টাচার্য

এএইচ এম আহসান উল্লাহ



সেন্টার ফর পলিসি ডায়ালগ-সিপিডি'র আয়োজনে চাঁদপুরে নাগরিক সংলাপ অনুষ্ঠিত হয়েছে। ৪ জানুয়ারি শনিবার সকালে চাঁদপুর প্রেসক্লাব ভবনস্থ এলিট চাইনিজ রেস্টুরেন্টে 'বর্তমান পরিস্থিতিতে নাগরিক সমাজের ভূমিকা ও করণীয়' শীর্ষক এ নাগরিক সংলাপ অনুষ্ঠিত হয়। এ সংলাপে চাঁদপুরের সাংবাদিক প্রতিনিধি, শিক্ষক প্রতিনিধি, চিকিৎসক প্রতিনিধি, আইনজীবী প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, সনাক প্রতিনিধি ও নারী নেত্রীসহ বিভিন্ন পেশার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এ নাগরিক সংলাপের উদ্যোক্তা এবং মুখ্য আলোচক ছিলেন সিপিডি'র সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। এর সভাপ্রধান ছিলেন সনাক চাঁদপুরের সাবেক আস্থায়ক প্রফেসর মনোহর আলী এবং সঞ্চালক ছিলেন সনাক চাঁদপুরের বর্তমান সভাপতি কাজী শাহাদাত।

অনুষ্ঠানের শুরুতে ড. দেবপ্রিয় ভট্টাচার্য স্বাগত বক্তব্য রাখেন। এরপর বিষয়ের আলোকে অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন পেশার প্রতিনিধিগণ তাঁদের মতামত ব্যক্ত করে বক্তব্য রাখেন। সকলেই দেশের বর্তমান পরিস্থিতিতে অস্বস্তির কথা জানান, উদ্বেগের কথা জানান এবং এর থেকে উত্তরণের জন্যে নানা মতামত দেন। চাঁদপুরের নাগরিক সমাজের প্রতিনিধি ছাড়াও ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সাথে আসা দু জন মিডিয়া ব্যক্তিত্ব এবং একজন ব্যবসায়ী প্রতিনিধিও বক্তব্য রাখেন। সকলের বক্তব্য শোনার পর দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন ড. দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি বলেন, সিপিডি একটি গবেষণাধর্মী প্রতিষ্ঠান। আমাদের কাজ হচ্ছে গবেষণা করা। আমরা উজ্জীবকের ভূমিকা পালন করি। আমরা কোনো প্লাটফর্ম তৈরি করি না। তিনি বলেন, স্বাধীনতার চার দশকে দেশ অনেক এগিয়েছে, কিন্তু আরো অনেক এগুনোর দরকার ছিলো। এ এগিয়ে যাবার পথে কোথায় আমাদের অন্তরায় তা চিহ্নিত করতেই এ নাগরিক সংলাপ। দেশের বর্তমান পরিস্থিতিতে সবাই অস্বস্তির কথা, উদ্বেগের কথা জানালেন। আর বাংলাদেশের মতো একটি দেশে যখন রাজনৈতিক অস্থিরতা চলে তখন নাগরিক সমাজ তথা সুশীল সমাজ বসে থাকতে পারে না। তাদের ভূমিকা রাখতে হয়। তিনি বলেন, আজ সুশীল সমাজ নিয়েও অনেক কথা হচ্ছে। এ ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে কেউ কেউ দলের সাথে সম্পৃক্ত থেকেও নিজেকে সুশীল সমাজের প্রতিনিধি বলে পরিচয় দিচ্ছেন। আবার কোনো কোনো রাজনৈতিক দল নিজেদের লোককে সুশীল সমাজের লোক বানিয়ে নিজের দলের পক্ষে কথা বলেন। কিন্তু প্রকৃত পক্ষে এরা সুশীল সমাজের প্রতিনিধি নন। সুশীল সমাজ দলীয় রাজনীতির বিপক্ষে থাকবে, তবে মূল্যবোধের বিপক্ষে নয়। তিনি বলেন, একটি দেশে বহু মতের গণতন্ত্র যদি থাকে তাহলে বহু মতের নাগরিক সমাজও থাকবে। আর বহুমতের গণতন্ত্রে বহুমতের সুশীল সমাজ থাকবে এটা দোষণীয় কিছু নয়। তবে তারা দল নিরপেক্ষ থাকবেন। তিনি বলেন, সুশীল সমাজ কখনো সরকারের বা রাজনীতির বিকল্প নয়। রাজনীতিবিদরা দেশ চালাবেন এর বিকল্প নেই। ড. দেবপ্রিয় বলেন, সুশীল সমাজ হতে হলে কোনো না কোনো ঝুঁকি নিতে হবে। শুধু টক শো করলে সুশীল সমাজ হয় না। জনগণের জন্যে কথা বলতে হয়, ভূমিকা রাখতে হয়, রাস্তায় নামতে হয়।

সংলাপে বক্তব্য রাখেন ড. দেবপ্রিয় ভট্টাচার্যের সাথে আসা যমুনা টিভির বার্তা ও অনুষ্ঠান বিভাগীয় প্রধান জই মামুন, এটিএন নিউজের প্ল্যানিং এডিটর প্রণব সাহা ও ঢাকার ব্যবসায়ী প্রতিনিধি আনোয়ার হোসেন বেগু। চাঁদপুরের নাগরিক সমাজের মধ্যে বক্তব্য রাখেন স্বাধীনতা পদকপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ডাঃ সৈয়দা বদরুন নাহার চৌধুরী, চাঁদপুর কণ্ঠ সম্পাদক অ্যাডঃ ইকবাল-বিন-বাশার, অধ্যক্ষ প্রফেসর মিহির লাল সাহা, অধ্যাপক মোহাম্মাদ হোসেন খান, সফিউদ্দিন আহমেদ, অ্যাডঃ ফজলুল হক সরকার, অধ্যক্ষ রনজিত কুমার বণিক, অধ্যক্ষ দেলোয়ার আহমেদ, অধ্যক্ষ মোশারফ হোসেন, উপাধ্যক্ষ রতন কুমার মজুমদার, ডাঃ মোঃ একিউ রুহুল আমিন, প্রেসক্লাব সভাপতি শহীদ পাটওয়ারী, গিয়াসউদ্দিন মিলন, বিএম হান্নান, প্রেসক্লাব সেক্রেটারী রহিম বাদশা, ইকবাল হোসেন পাটওয়ারী, শাহ মোহাম্মাদ মাকসুদুল আলম, ডাঃ পীযুষ কান্তি বড়ুয়া, আবদুল আউয়াল রুবেল, প্রকৌশলী মোঃ দেলোয়ার হোসেন, অ্যাডঃ সেলিম আকবর, অজিত সাহা, ডাঃ এসএম মোস্তাফিজুর রহমান, মোশারফ হোসেন লিটন, তমাল কুমার ঘোষ, রফিক আহমেদ মিন্টু, এসএম শফিকুর রহমান, সোহেল রুশদী, এএইচএম আহসান উল্লাহ, সামীম আহমেদ, মোঃ ইলিয়াছ মিয়া, আলম পলাশ, রূপালী চম্পক, কৃষ্ণা সাহা, আবুল কালাম নান্নু, শেখ মনির হোসেন বাবুল ও পৌর কাউন্সিলর রেবেকা সুলতানা বকুল।

(লেখটি পড়া হয়েছে ৩৯ বার)

Like {0} Tweet {0}

- আওয়ামী লীগ-পুলিশের সাথে বিএনপির দফায় দফায় সংঘর্ষ পুলিশসহ আহত শতাধিক
- চাঁদপুরে ছাত্রলীগের সারণকালের সর্ববৃহৎ শোভাউন
- ফরিদগঞ্জে ত্রিমুখী সংঘর্ষে শিশুসহ গুলিবিদ্ধ ৪ আহত ৫০
- হাজীগঞ্জে ত্রিমুখী সংঘর্ষে পুলিশসহ আহত ১০
- পুলিশের বাধায় বিএনপির মিছিল পণ্ড আওয়ামী লীগ নেতার ল চেয়ার ভাঙুর
- খালেদা জিয়াকে অবরুদ্ধ করে রাখলে জনগণ পুরো দেশকে অবরুদ্ধ করে দিবে
- নৈরাজ্য সৃষ্টি করে শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করা যাবে না

১৭০৩৭০

বছর : ২০১৫ মাস : জানুয়ারী

৩	৪	৬	৭	৮	৯
১০	১১				

We are very surprize how they write Bir Mukti Juddah about Dulal Patwary,who was a Junir School boy ...

Ahmed Kamil

অনেকেই প্রশ্ন তোলেন এখন যারা শিবির করছে তাদের তো ১৯৭১ এ জন্ম হয়নি তারা কিভাবে রাজাকার হয় ? তাদেরকে ...

moon islam

Thanks S I Mahbub Mollah. We are very pleased to your surprised operation. Most of people want to r...

Md. Shamsuddoha Dulal

- জনতা উচ্চ বিদ্যালয়ে উৎসব মুখর পরিবেশে নির্বাচন সম্পূর্ণ ♦
- আশিকাটিতে দেবডের হামলায় ভাবি আহত ♦
- ফরিদগঞ্জে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভায় অনতিষ্ঠিত ♦
- অবরোধের ৫ম দিনে চাঁদপুরে পুলিশ পাহারায় ভারী যানবাহন চলাচল ♦
- স্বদেশ প্রত্যাবর্তন দিবসে জেলা আওয়ামীলীগের যালি, আলোচনা সভা ও মিলাদ অনতিষ্ঠিত ♦

## সুশীল সমাজ আন্দোলন কিংবা রাজনৈতিক দলের বিকল্প না — ড. দেবপ্রিয় ভট্টাচার্য



চাঁদপুর: চাঁদপুর প্রেসক্লাব ভবনের এলিট চাইনিজ রেস্তোরাঁতে রোববার দুপুরে চাঁদপুর সুশীল সমাজের সাথে গোল টেবিল বৈঠকে বক্তব্য রাখেন সিপিডির সম্মানিত ফেলো ও বিখ্যাত অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

অভিজিত রায় ||

বিখ্যাত অর্থনীতিবিদ ও সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেছেন, যে দেশে বহুমতের গণতন্ত্র থাকবে, সেখানে বহুমতের সুশীল সমাজও থাকবে। অনেক রাজনৈতিক ব্যক্তি রয়েছেন, যারা রাজনৈতিক এজেন্ডা তুলে ধরার জন্য সুশীল সমাজের টেবিলে এসে বক্তব্য রাখেন। আগে রাজনৈতিক ব্যক্তির ব্যবসায়ী ছিলো, এখন ব্যবসায়ীরাই রাজনীতিতে আসেন। সবাই মিলে সব সমস্যার সমাধানে এগিয়ে আসবো এটাই লক্ষ্য। তিনি রবিবার দুপুরে চাঁদপুর প্রেসক্লাব ভবনের এলিট চাইনিজ রেস্তোরাঁতে সিপিডির আয়োজনে চাঁদপুর সুশীল সমাজের সাথে এক গোল টেবিল বৈঠকে প্রধান উদ্যোগজ্ঞার বক্তব্যে এসব কথা বলেন। তিনি আরো বলেন, সুশীল সমাজ আন্দোলন কিংবা রাজনৈতিক দলের বিকল্প না। কিন্তু সুশীল সমাজ মানুষের কষ্টস্বর জোরদার করতে কাজ করে এবং তাদেরকে ইস্যু ভিত্তিক ভূমিকা রাখতে হবে। বাংলাদেশে অসম্পূর্ণ রাজনীতি থাকার কারণে সুশীল সমাজ কাজ করতে হবে। সুশীল সমাজ কোন একক মূল্যবোধের অংশ নয়, সকল মূল্যবোধের অংশ হিসেবে কাজ করছে। চাঁদপুরে যে সব সমস্যাগুলো আপনাদের বক্তব্যের মাধ্যমে উঠে এসেছে, সেগুলো আপনারা স্থানীয়ভাবে নিচের দিক থেকে তুলে এনে সমাধান করতে হবে। দেশের মিডিয়াগুলো এখন এসকল বিষয়গুলো তুলে ধরে ভালো ভূমিকা রাখছে। এর মধ্যে ইলেকট্রনিক্স মিডিয়া ও কমিউনিটি রেডিওগুলোও ভালো কাজ করছে। চাঁদপুর সরকারি মহিলা কলেজের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক মনোহর আলীর সভাপতিত্বে ও সনাকের সভাপতি রোটারিয়ান কাজী শাহাদাতের সঞ্চালনায় বক্তব্য রাখেন চাঁদপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মিহির লাল সাহা, স্বাধীনতা পদক প্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা ডাঃ সৈয়দা বদরুন্নাহার চৌধুরী, যমুনা টেলিভিশনের হেড অপ প্রোগ্রাম সাংবাদিক জয়-ই মামুন, এটিএন নিউজের আউটপুট এডিটর প্রণব সাহা, হাসেম রিয়েল এস্টেট এর পরিচালক আনোয়ার হোসেন দেলু, চাঁদপুর প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক অধ্যাপক মোহাম্মদ হোসেন, চাঁদপুর জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. ইকবাল বিন বাশার, চাঁদপুর চেম্বার অব কমার্সের পরিচালক তমাল কুমার ঘোষ, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি শহীদ পাটওয়ারী। এছাড়াও উন্মুক্ত আলোচনায় চাঁদপুর সাংবাদিক, শিক্ষক, চিকিৎসক, রাজনৈতিক ও সুধীজন বক্তব্য রাখেন।

7

Tweet

32

Like

3

8+1

0

Share

মন্তব্য করুন

Enter your comment here...

এই বিভাগের আরও খবর

- জনতা উচ্চ বিদ্যালয়ে উৎসব মুখর পরিবেশে নির্বাচন সম্পূর্ণ ( 0 )
- আশিকাটিতে দেবডের হামলায় ভাবি আহত ( 0 )
- ফরিদগঞ্জে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভায় অনতিষ্ঠিত ( 0 )
- অবরোধের ৫ম দিনে চাঁদপুরে পুলিশ পাহারায় ভারী যানবাহন চলাচল ( 0 )

সাইনইন |  
ইউজার সাইনইন

ইউনিজয়  ফনোটিক

ই-মেইল :

পাসওয়ার্ড :

মঙ্গলবার, জানুয়ারী ০৬, ২০১৫: পৌষ ২৩, ১৪২১ বঙ্গাব্দ: ১৪  
রবিউল আউয়াল, ১৪৩৬ হিজরি ১০ বছর, সংখ্যা ২০৬

পাসওয়ার্ড ভুলে গেলে এখানে ক্লিক করুন

বন্ধ করুন (HVF চাপুন অথবা বাইরে ক্লিক করুন)  
নিবন্ধিত হোন

# যায়যায়দিন

শেষের পাতা



ঢাকা  
তাপমাত্রা : ৩১° সেলসিয়াস

[হোম পেজ](#) [শেষের পাতা](#)

← পূর্ববর্তী সংবাদ

পরবর্তী সংবাদ →

3

3

J r r j d # .

3

3

Q h z

## সুশীল সমাজ কখনো রাজনৈতিক দলের বিকল্প নয়:

### দেবপ্রিয়

চাঁদপুর প্রতিনিধি ▶

বিশিষ্ট অর্থনীতিবিদ ও সিপিডির ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেছেন, যে দেশে বহু মতের গণতন্ত্র থাকবে, সেখানে বহুমতের নাগরিক সমাজও থাকবে। অনেক রাজনৈতিক ব্যক্তি রয়েছেন, যারা রাজনৈতিক এজেন্ডা তুলে ধরার জন্য সুশীল সমাজের টেবিলে এসে বক্তব্য রাখেন। রোববার চাঁদপুর প্রেসক্লাব ভবনের এলিট চাইনিজ রেস্টুরেন্টে এক গোলটেবিল বৈঠকে তিনি এ কথা বলেন। তিনি বলেন, সুশীল সমাজ সরকার কিংবা রাজনৈতিক দলের বিকল্প নয়। কিন্তু সুশীল সমাজ মানুষের কঠোর জোরদার করতে কাজ করে এবং তাদের ইস্যু-ভিত্তিক ভূমিকা রাখতে হবে। সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় হতে হবে।

ড. ভট্টাচার্য বলেন, সুশীল সমাজকে রাজনৈতিক দল থেকে দূরে থেকে নিরপেক্ষভাবে কাজ করা উচিত। নাগরিক সমাজের কোনো সদস্য রাজনীতিতে জড়িয়ে গেলে তা বলে যেতে হবে। তিনি বলেন, রাজনীতির বাইরের লোক হলেই যে সুশীল সমাজ হবে বিষয়টি তাও নয়।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, কোনো স্বাধীন গোষ্ঠী থাকুক, এটি রাজনীতিকরা পছন্দ করেন না। তাই তাদের ঝুঁকি নিয়ে কাজ করতে হবে। দেশে এখনো সুশাসনের অভাব রয়েছে। দেশে রাজনৈতিক অস্থিরতাও রয়েছে। এর ফলে অর্থনীতিতে কিছুটা স্থবিরতা রয়েছে। সরকার যে অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ঘোষণা করছে, এ অবস্থায় সেই লক্ষ্যমাত্রায় পৌঁছা সম্ভব না। ওই প্রবৃদ্ধি অর্জনে আরো পদক্ষেপ নিতে হবে।

বিশিষ্ট এ অর্থনীতিবিদ আরো বলেন, বাংলাদেশে অসম্পূর্ণ রাজনীতি থাকার কারণে সুশীল সমাজকে কাজ করতে হবে। সুশীল সমাজ কোনো একক মূল্যবোধের অংশ নয়, সব মূল্যবোধের অংশ হিসেবে কাজ করছে।

তিনি বলেন, 'চাঁদপুরে যে সমস্যাগুলো বক্তব্যের মাধ্যমে উঠে এসেছে, সেগুলো আপনারা স্থানীয়ভাবে তুলে এনে সমাধান করতে হবে। দেশের মিডিয়াগুলো এখন এসব বিষয় তুলে ধরে ভালো ভূমিকা রাখছে। এর মধ্যে ইলেকট্রনিক মিডিয়া ও কমিউনিটি রেডিওগুলোও ভালো কাজ করছে।'

3

3

J r r j d # .

3

3

Q h z

← পূর্ববর্তী সংবাদ

পরবর্তী সংবাদ →

এই প্রতিবেদন সম্পর্কে আপনার মতামত দিতে এখানে ক্লিক করুন

[হোম পেজ](#) [শেষের পাতা](#)

[মিথনার পেনডেরা ব্লগ](#)

নির্বাচন  
২০১৪ বিশেষ প্রতিবেদন

ঈদ সংখ্যা ২০১৪

ঈদ সংখ্যা ২০১৩

ঈদ সংখ্যা ২০১২

সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী অ্যালবাম ১

সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী অ্যালবাম ২

সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী অ্যালবাম ৩

নবম প্রতিষ্ঠাবার্ষিকী ফটো গ্যালারি



Start On 15 Jan 2015

Admission Going On

Hotline : +88 0171 3243678

A Concern Of Orangebd

- মালোপাড়া তা-ব মামলার চার্জশিট : অভিসুক্ত ১০০
- হাসিনার পদত্যাগ ছাড়া ঘরে ফেরা নয় : তারেক
- দেশে মধ্যবর্তী নির্বাচনের পরিস্থিতি নেই : রওশন
- মির্জা ফখরুলকে কেন্দ্র করে প্রেসক্লাবে মারামারি
- ব্রাহ্মণবাড়িয়ায় দফায় দফায় সংঘর্ষে অর্ধশতাধিক আহত
- সাবেক প্রধান বিচারপতি মোস্তফা কামাল আর নেই